হরিণাকুণ্ডুতে র্যাবের হাতে ওয়ারেন্টভুক্ত সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার শেখপাড়া বিন্নী এলাকা হতে ওয়ারেন্টভুক্ত ১ জন পলাতক সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

বুধবার র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৪ সেপ্টেম্বর রাত ২টার সময় র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানার পারি: জারী- ৮/১৯ এর ধারা ১৬ (৩) বিঃ এর একজন পলাতক সাজাপ্রাপ্ত আসামী আত্মগোপনে রয়েছে।

উক্ত সংবাদের সত্যতা যাচাই ও আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানাধীন শেখপাড়া বিন্নী এলাকায় অভিযান পরিচালনা কালে র্যাবের উপস্থিতি টের পেয়ে ঘটনাস্থল থেকে কৌশলে পালানোর চেষ্টাকালে উপজেলারশেখপাড়া বিন্নী গ্রামের গনজের শেখের ছেলে আসামী মোঃ মফিজুর রহমান (২০) কে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীকে হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করা হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

স্বাধীনতার ৫০ বছরেও স্বীকৃতি পাননি মুক্তিযোদ্ধা বদর উদ্দিন শেখ

দেশ স্বাধীনের ৫০ বছর পার হলেও মন্ত্রনালয়ের গেজেটে নাম আসে নি সাহসী যোদ্ধা বদর উদ্দিন শেখের। মুক্তিযোদ্ধার স্বীকৃতি না পাওয়ায় বঞ্চিত হচ্ছেন সব ধরনের সুযোগ সুবিধা থেকে।

জীবনের শেষ সময়ে এসে একজন দেশপ্রেমিক হিসেবে তালিকায় নিজের নাম দেখতে চান দেশ মাতৃকার টানে ঝাঁপিয়ে পড়া এই মুক্তিযোদ্ধা।

তিনি হলেন কুষ্টিয়া সদর উপজেলার ইবি থানার মৃত্তিকাপাড়া গ্রামের গণিরুদ্দিন শেখের ছেলে মোঃ বদর উদ্দিন শেখ। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে ৮নং সেক্টরের গেরিলা কমান্ডার মীর শহীদুল হকের সাথে ভারতের চাকুলিয়া থেকে উচ্চ প্রশিক্ষণও গ্রহণ করেন তৎকালীন ১৯ বছর বয়সী এই যুবক।

তার সহযোদ্ধা ছিলেন আকবর আলী (মুক্তিবার্তা নং- ০৩০৩০১০৪৫৫), সেরাজুল ইসলাম (মুক্তিবার্তা নং-০৪১১০১০০৭৩), নুর মোহাম্মদ আলী (জাপান) (মুক্তিবার্তা নং-০৪১১০১০২২০)। তবে মোহাম্মদ আতাউল গণি ওসমানী স্বাক্ষরিত স্বাধীনতা সংগ্রামের সনদপত্র রয়েছে তার কাছে।

জীবন যুদ্ধে পরাজিত বীর মুক্তিযোদ্ধা বদর উদ্দিন শেখের নাম গেজেটভুক্ত করার দাবি জানান সহযোদ্ধারা। প্রকৃত মুক্তিযোদ্ধা যাচাই-বাছাইয়ের জন্য নির্ধারিত ফরমে আবেদন (ম্যালেশিয়া নং-১১৯৭২) ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের সচিব বরাবর আবেদন করার পরেও অজানা কারণে সুফল পান নি তিনি।

জীবন সায়াহ্নে এসে এখনও তিনি কেবলমাত্র বীর মুক্তিযোদ্ধার স্বীকৃতি চান তিনি। এজন্য তিনি বিভিন্ন দ্বারে দ্বারে ঘুরেও সুফল পাননি। সর্বশেষ গতকাল তিনি কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে দেখা করেন।

তবে সেখান থেকে কেবল জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রনালয় এ আপিল করার জন্য একটি ফরম পান। জীবনের শেষ প্রান্তে এসে স্ত্রী-সন্তানের কথা বিবেচনা করে প্রধানমন্ত্রী ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের সুদৃষ্টি কামনা করেন বদর উদ্দিন শেখ।

[redacted]

[redacted]

[redacted]

[

শিক্ষকের গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছে একই বিদ্যালয়ের প্রদান শিক্ষক নজরুল ইসলাম(৫২)।
বুধবার সকালে সাগান্না সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষ থেকে ওই বিদ্যালয়ের প্রধানশিক্ষকের লাশ উদ্ধার করা হয়।নজরুল ইসলাম সাগান্না ঢালীপাড়ার মৃত সালাউদ্দিন মাস্টারের ছেলে। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মাদ সোহেল রানা জানান, সকালে শ্রেণীকক্ষে ওই স্কুলের প্রধান শিক্ষকের লাশ ঝুলে থাকা দেখে পুলিশে খবর দেয় স্থানীয়রা। পরে পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তার মরদেহ উদ্ধার করে। ওসি আরও বলেন, যে কক্ষ থেকে তার লাশ উদ্ধার করা হয়েছে ওই কক্ষের বাইরের গ্রীল ভিতর থেকে বন্ধ ছিল। প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে তিনি আত্মহত্যা করেছেন। মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। নজরুল ইসলামের বড় ভাই বাবুল মিয়া জানান, গত ১৩ সেপ্টেম্বর বাড়ী থেকে স্কুলে আসে নজরুল ইসলাম। ওইদিন আর বাড়ীতে ফেরেনি সে। তারপর থেকেই তাকে অনেক খোজাখুজি করা হচ্ছিল। ফোনের টাওয়ারের অবস্থান দেখে হরিণাকুণ্ডুর ভালকী বাজারের আশপাশে ও তার স্কুলেও খোজ করার জন্য তার স্ত্রী আসছিল কিন্তু ওই তালাবদ্ধ কক্ষটি খোলা হয়নি। সেসময় তার ফোন বন্ধ ছিল। এ ঘটনায় ১৩ তারিখ সন্ধ্যায় চুয়াডাঙ্গা সদর থানায় ডিজি করা হয়েছিল বলে জানান বাবলু মিয়া। তিনি আরও বলেন, আমার জানামতে পারিবারিক এবং স্টাফদের সাথে কোন কলহ ছিল না।

সাতদিনের মধ্যে অনিবন্ধিত সব নিউজ পোর্টাল বন্ধের নির্দেশ

৯২টি ছাড়া অননুমোদিত ও অনিবন্ধিত সব অনলাইন নিউজ পোর্টাল আগামী সাতদিনের মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বিটিআরসি

চেয়ারম্যান ও প্রেস কাউন্সিলের চেয়ারম্যানকে এই নির্দেশ বাস্তবায়ন করতে বলেছেন আদালত।

মঙ্গলবার বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি মো. কামরুল হোসেন মোল্লার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ সংক্রান্ত এক রিট আবেদনের শুনানি নিয়ে এই আদেশ দেন।

আদালতে রিটের পক্ষে শুনানি করেন দুই রিটকারী আইনজীবী জারিন রহমান ও রাশিদা চৌধুরী নীলু।

এর আগে গত ৫ মে সংবেদনশীল সংবাদসহ যে কোনো খবর প্রকাশের ক্ষেত্রে সংবাদমাধ্যমগুলোর জন্য ‘নৈতিক নীতিমালা’ প্রণয়ন চেয়ে সংশ্লিষ্টদের একটি আইনি নোটিশ পাঠানো হয়। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব, বিটিআরসির চেয়ারম্যান এবং বাংলাদেশ প্রেস কাউন্সিলের চেয়ারম্যানকে এই নোটিশ দেওয়া হয়। সেই নোটিশের কোনো জবাব না পেয়ে হাইকোর্টে রিট দায়ের করেন আইনজীবী জারিন রহমান ও রাশিদা চৌধুরী নীলু।

রিট আবেদনে বলা হয়, সম্প্রতি রাজধানীতে ২১ বছরের এক মেয়ের লাশ উদ্ধারের ঘটনায় দণ্ডবিধি আইনের ৩০৬ ধারায় আত্মহত্যায় প্ররোচণার অভিযোগে মামলা দায়ের করা হয়। এই ঘটনাটিকে কেন্দ্র করে দেশের সংবাদমাধ্যমগুলোর মধ্যে বিশেষ করে অনলাইন নিউজ পোর্টালগুলোতে অগ্রহণযোগ্যভাবে নিউজ পরিবেশন করা হয়েছে। অথচ এসব সংবাদ পরিবেশনা বন্ধে বিটিআরসি কিংবা প্রেস কাউন্সিল কোনো উদ্যোগ গ্রহণ করেনি। এমতাবস্থায় বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক সংবাদ পরিবেশনের ক্ষেত্রে নৈতিক নীতিমালা প্রনয়ণ জরুরি হয়ে উঠেছে। একইসঙ্গে দেশে অনিবন্ধিত নিউজ পোর্টালগুলো চালু থাকার পরেও বিটিআরসি কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। তাই এসব পোর্টালের রেজিস্ট্রেশনও জরুরি।

এই রিটের শুনানি নিয়ে ‘ন্যাশনাল অনলাইন মাস মিডিয়া পলিসি-২০১৭’ অনুযায়ী দেশে অননুমোদিত ও অনিবন্ধিতকৃত অনলাইন মিডিয়াগুলো কেন বন্ধ করা হবে না- তা জানতে চেয়ে রুল জারি করেন উচ্চ আদালত।

মহাসড়কের উপর বাস রেখে যাত্রী ওঠা নামা, দূর্ঘটনার আশঙ্কা

ঝিনাইদহের কালীগঞ্জে মহাসড়কের উপর বাস রেখেই চলছে যাত্রী ওঠা নামা। যার ফলে বাড়ছে যানজট ও দূর্ঘটনার আশঙ্কা। সাধারণ যাত্রীদের জীবনের ঝুকি নিয়ে উঠতে হচ্ছে বাসে। বাসের সাথে পাল্লা দিয়ে তিন চাকার ইজিবাইক ও সি এন জি রাস্তার উপর যত্রতত্র দাড়িয়ে যাত্রী তুলছে ও নামাচ্ছে।

কালীগঞ্জ বাস টার্মিনালে বাস দাঁড়ানোর জায়গা থাকা সত্বেও বাসগুলো দাড়াচ্ছে মহাসড়কের উপর। কারন অনুসন্ধানে গেলে দেখা যায় টার্মিনালে যে স্থানে বাস দাঁড়াবে সেখানে ট্রাক, লেগুনা, সি এন জি পার্কিং করা রয়েছে। যার ফলে যাত্রী ওঠানামা করার জন্য বাসগুলোকে রাস্তার উপরে দাড়াতে হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক দোকানী বলেন, বাসের যাত্রীদের কাছে চা বিস্কুট বেচে তাদের দোকান চলে, কিন্তু টার্মিনালের ভেতরে বাস গুলো না আসার ফলে তাদের ব্যবসা খারাপ যাচ্ছে। বাস দাড়ানোর জায়গায় ট্রাক লেগুনা রাখা হচ্ছে।

এদিকে মহাসড়কের উপর বাস রাখার কারনে দুই লেনের রাস্তার এক লেন বন্ধ হয়ে যায় ফলে প্রায়শই সৃষ্টি হয় যানজটের। পথচারীদের রাস্তা পারাপারের ক্ষেত্রে পোহাতে হচ্ছে ভোগান্তি।

নিরাপদ সড়ক চাই, কালীগঞ্জ শাখার আহবায়ক শিপলু জামান বলেন, অবৈধ যান বাহন ও ট্রাক বাস দাড়ানোর জায়গায় রাখা হচ্ছে যার ফলে বাস গুলো রাস্তার উপরে দাড়াচ্ছে। তাদের সংগঠন থেকে চালকদের সচেতন করা হচ্ছে।

উল্লেখ্য করোনা পরিস্থিতির পূর্বে প্রসাশনের হস্তক্ষেপে বাসগুলো টার্মিনালের ভিতরে এসে যাত্রী ওঠা নামা করতো।

এ বিষয়ে কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিনের কাছে জানতে চাইলে তিনি জানান, বিষয়টি নিয়ে তিনি অবগত নন। তবে এমন কিছু ঘটে থাকলে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা নিবেন।

[redacted]

[redacted]

গ্রামটিতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

কুষ্টিয়ার পদ্মানদীর ভাঙন থেকে রক্ষা পেতে সংবাদ সম্মেলন

কুষ্টিয়ার পদ্মা নদীর তীব্র ভাঙনের হাত থেকে রক্ষা করতে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের দাবিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার দুপুরে পদ্মা নদী তীরে সংবাদ সম্মেলন করেছেন স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকাবাসী।

সংবাদ সম্মেলনে মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফিন বলেন, কুষ্টিয়ায় পদ্মা নদীর তীব্র ভাঙনের মুখে পড়েছে উত্তর ও দক্ষিণবঙ্গের মধ্যে যোগাযোগের একমাত্র মহাসড়ক।

জেলার মিরপুর উপজেলার তালবাড়িয়া ইউনিয়ন এলাকায় ভাঙতে ভাঙতে কুষ্টিয়া-পাবনা মহাসড়কের মাত্র ১০০ মিটারের মধ্যে চলে এসেছে এ নদী। এতে বহু ঘরবাড়িসহ আবাদী জমি বিলীন হয়ে গেছে। জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের দাবি জানান তিনি। উপজেলা চেয়ারম্যান আরও বলেন, বহু বছর ধরে এ এলাকায় পদ্মার ভাঙন চলছে।

ভাঙন প্রতিরোধে স্থানীয় ব্যবস্থা নিতে গত বছর স্থানীয় পানি উন্নয়ন বোর্ড ৯৯০ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করলেও তা আটকে আছে। তিনি আরও বলেন, ভাঙন ঠেকানো না গেলে যেকোনো সময় কুষ্টিয়া-পাবনা মহাসড়ক নদীতে বিলীন হয়ে যাবে। এতে উত্তর ও দক্ষিণ বঙ্গের মধ্যে সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে।

পাশাপাশি কুষ্টিয়ার বিস্তীর্ন এলাকা বন্যা কবলিত হবে। তিনি অবিলম্বে ভাঙন প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি জানান। এসময় তালবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হান্নান মন্ডল সহ স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকাবাসী উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

বিএমডিসি নিবন্ধনকৃতদের মাধ্যমে টেলিমেডিসিন স্বাস্থ্য সুবিধা প্রদান করে যাচ্ছি।

বর্তমানে আমরা স্কুল খুলে দেওয়ায় করোনা মহামারিতে ক্ষতিগ্রস্হ ১ হাজার ৬১ জন শিশু শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্বাস্হ্য সুরক্ষা সামগ্রী প্রদান করা হচ্ছে এবং আগামীতে আপনাদের সহযোগীতায় গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এই সহায়তা প্রদান অব্যাহত রাখবে।

স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা- ২০২১ অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মুজিবনগর শাখার, উদ্যোগে স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১২ টার সময় অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় এ মেলার উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যবস্থাপক কাজী আরিফুল ইসলমের সভাপতিত্বে, অগ্রণী ব্যাংক এর সদ্য পদোন্নতি পাওয়া উপ মহা- ব্যবস্থাপক মানস কুমার পাল, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গ্রাহকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করে মেলার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন ছিলেন চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের (এস পি ও)এ এস এম এম কবির,চুয়াডাঙ্গা আঞ্চলের অফিসার সমিতির সভাপতি সুলাইমান, চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র অফিসার আবদুল্লাহ আল মামুন, আরো উপস্হিত ছিলেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি,কেদারগন্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিকসহ অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখার কর্মকর্তা ও কর্মচারি ব্যাংকের গ্রাহক বৃন্দ।

অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ এর প্রথম দিনে ১০ জন গ্রাহককে ৮ লক্ষ টাকা কৃষি ঋণ প্রদান করা হয়। এ সময় ৪ জন গ্রাহকের কাছ থেকে বকেয়া ৩ লক্ষ টাকা কৃষি ঋণ আদায় করা হয়।

মেলা আগামী বৃহস্পতিবার পর্যন্ত চলবে।